



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা

ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhbfc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

‘গৃহায়ন অর্থায়ন মেলা-২০১৭’ আয়োজনে বিএইচবিএফসি



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) আবাসন খাতের সাথে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান এবং রিয়েল এস্টেট ও আবাসন সামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠানের অংশগ্রহণে রাজধানীস্থ সোনারগাঁও হোটেলে আগামী ১৯-২১ অক্টোবর ২০১৭ তারিখে ‘গৃহায়ন অর্থায়ন মেলা-২০১৭’ আয়োজন করতে যাচ্ছে। রিয়েল এস্টেট এন্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) মেলায় সার্বিক সহযোগিতা প্রদান করবে। মিডিয়া পার্টনার হিসেবে সহায়তা প্রদান করবে এটিএন বাংলা ও এটিএন নিউজ এবং সার্বিক ব্যবস্থাপনায় থাকবে গ্রীনবীজ এ্যাড পয়েন্ট। মেলার মূল উদ্দেশ্যই গৃহায়ন খাতের সাথে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে এক ছাদের নিচে এনে দেশি ও বিদেশী বিনিয়োগের বিপুল সম্ভাবনা সৃষ্টি করা- যা জাতীয় অর্থনৈতিক বিশেষ অবদান রাখবে। মেলার আয়োজক বিএইচবিএফসি নতুন আঙিকে ৫টি প্রোডাক্ট চালু, খণ্ডের সিলিং বৃদ্ধি, সুদহারহাস এবং খণ্ডের ব্যান্ড সারা দেশে বিস্তৃত করেছে- যা খণ্ড গ্রহণে ইচ্ছুক ও আবাসন খাতে বিনিয়োগকারীদের বিশেষভাবে আকৃষ্ট করবে। বিএইচবিএফসি সদর দফতরে আয়োজিত সাংবাদিক সম্মেলনে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক দেবাশীষ চক্রবর্তী সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে এসব বলেন। অনুষ্ঠানে কর্পোরেশনের মহাব্যবস্থাপক ড. দৌলতুল্লাহার খানম ও মোঃ জাহিদুল হক এবং রিহ্যাবের সহ-সভাপতি (১ম) লিয়াকত আলী ভূইয়া ও গ্রীনবীজ এ্যাড পয়েন্ট এর সিইও আফতাব বিন তমিজ উপস্থিত ছিলেন।

কর্পোরেশনের ফাস্ট বৃদ্ধির জন্য বিএইচবিএফসি ইতোমধ্যেই আইডিবি'র সাথে ৮৫০ কোটি টাকার খণ্ড চুক্তি সম্পন্ন করছে যার মাধ্যমে ৭,৯৭৬টি হাউজিং ইউনিট নির্মাণ সম্ভব হবে এবং এতে ৪৭,৮৫৬ জন লোক সুবিধা ভোগ করবেন। সর্বোচ্চ গ্রাহক সেবা নিশ্চিতকরণে এবং অটোমেশনের সার্থক প্রতিফলন ঘটাতে কর্পোরেশন নিরলশভাবে কাজ করে যাচ্ছে। এছাড়াও প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণে Fund Management, Loan Disbursement, Loan Recovery, হিসাবায়নসহ সকল ক্ষেত্রেই নানা পদক্ষেপ গ্রহণ করেছে। বিএইচবিএফসি প্রবাসী খণ্ড চালু করেছে- যা নিশ্চিতভাবে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধি করবে। কৃষি জমি রক্ষার্থে Horizontal Expansion রোধ করে Vertical Extension নিশ্চিত করতে বিএইচবিএফসি কৃষক আবাসন খণ্ড চালু করতে যাচ্ছে। একই সাথে উন্নত বিশ্বের মডেল অনুসরণ করে দেশে উন্নত প্রযুক্তির গৃহনির্মাণ করতে কর্পোরেশন বিভিন্ন দেশের সাথে কাজ করে যাচ্ছে। আবাসন খাতের দিকপাল বিএইচবিএফসি'র এই সকল নতুন উদ্যোগ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া ছাড়াও সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের সহায়তায় সারা বিশ্বে ব্যাপকভাবে প্রচারিত হচ্ছে। এছাড়া কর্পোরেশনের নিজস্ব ওয়েবসাইট ও ফেসবুক পেইজে গ্রাহক ও খণ্ড প্রত্যাশীদের সকল প্রশ্নের জবাব ও সমস্যার সমাধান দেয়া হচ্ছে। বিএইচবিএফসি'র এ সকল উদ্যোগ আবাসন খাতে চলমান মন্দা কাঠিয়ে উঠতে বিশেষ ভূমিকা রাখবে বলে ব্যবস্থাপনা পরিচালক মনে করেন। তিনি মেলার সর্বাত্মক সফলতায় সকলের সহযোগিতা কামনা করেন।